# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৬৫৭

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৯. তাইয়াম্মুম

## بَابُ التَّيَمُّمِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، ثَنَا أَحْمَدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ وَهْبٍ ، ثَنَا عَمِّي ، أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ ، عَنْ عِمْرَانَ بْنِ أَبِي أَنَسٍ ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ جُبَيْرٍ ، عَنْ أَبِي قَيْسٍ مَوْلَى عَمْرِو بْنِ الْعَاصِ : أَنَّ عَمْرَو بْنَ الْعَاصِ كَانَ عَلَى سَرِيَّةٍ ، وَأَنَّهُمْ أَصَابَهُمْ بَرْدٌ شَدِيدٌ لَمْ يَرَوْا مِثْلَهُ ، فَخَرَجَ لِصَلَاةِ الصُّبْحِ ، فَقَالَ : وَاللَّهِ لَقَدِ احْتَلَمْتُ الْبَارِحَةَ ، وَلَكِنْ وَاللَّهِ مَا رَأَيْتُ بَرْدًا مِثْلَ هَذَا مَرَّ عَلَى وُجُوهِكُمْ مِثْلُهُ ، فَغَسَلَ مَغَابِنَهُ ، وَتَوَضَّأَ وُضُوءَهُ لِلصَّلَاةِ ، ثُمَّ صَلَّى بِهِمْ فَلَمَّا قَدِمَ عَلَى رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ، سَأَلَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ أَصْحَابَهُ : " كَيْفَ وَجَدْتُمْ عَمْرًا وَصَحَابَتَهُ لَكُمْ ؟ " . فَأَثْنَوْا عَلَيْهِ خَيْرًا ، وَقَالُوا : يَا رَسُولَ اللَّهِ ، صَلَّى بِنَا وَهُوَ جُنُبٌ ؟! فَأَرْسَلَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ إِلَى عَمْرٍو ، فَأَخْبَرَهُ بِذَلِكَ وَبِالَّذِي لَقِيَ مِنَ الْبَرْدِ ، وَقَالَ : يَا رَسُولَ اللَّهِ ، إِنَّ اللَّهَ قَالَ : ( وَلَا تَقْتُلُوا أَنْفُسَكُمْ ) فَلَوِ اغْتَسَلْتُ مِتُّ ، فَضَحِكَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ إِلَى عَمْرٍو

বাংলা

৬৫৭(১৩). আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) ... আমর ইবনুল আস (রাঃ) এর মুক্তদাস আবু কায়েস (রহঃ) থেকে বর্ণিত। আমর ইবনুল আস (রাঃ) একটি সামরিক অভিযানে ছিলেন। তাদের প্রচণ্ড ঠাণ্ডা লাগলো যেরূপ ঠাণ্ডা তারা কখনো দেখেননি। তিনি ফজরের নামায পড়তে বের হলেন। তিনি বললেন, আল্লাহর শপথ! গত রাতে আমার স্বপ্নদোষ হয়েছে। কিন্তু আল্লাহর শপথ! এতো প্রচণ্ড ঠাণ্ডা আমি কখনো দেখিনি, যা তোমাদের সামনে দিয়ে অতিক্রম করছে। তিনি নিজের বাহুদ্বয় ধৌত করেন এবং নামাযের উযুর অনুরূপ উযু করেন, তারপর তাদেরকে নিয়ে নামায পড়েন। তারা যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট ফিরে এলেন, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর সাহাবীদের জিজ্ঞেস করলেনঃ তোমরা আমর-এর সাহচর্য কেমন

পেয়েছ? তারা তার প্রশংসা করেন এবং বলেন, ইয়া রাসূলাল্লাহ! তিনি নাপাক অবস্থায় আমাদের নামায পড়িয়েছেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমর (রাঃ)-কে ডেকে পাঠালেন। তিনি তাকে প্রচণ্ড ঠাণ্ডা সম্পর্কে অবহিত করেন এবং বলেন, ইয়া রাসূলাল্লাহ! নিশ্চয়ই আল্লাহ বলেছেন, “তোমরা নিজেদের হত্যা করো না” (সূরা নিসাঃ ২৯)। আমি গোসল করলে মারা যেতাম। আমর (রাঃ)-এর এ কথায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাসলেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবু কায়েস (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80446

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন